**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৩২টি প্রতিষ্ঠানকে ২.১৯ লক্ষ টাকা জরিমানা**

**১৯ মার্চ ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নীলফামারী, মৌলভীবাজার, বরগুনা ও বরিশালে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে সুরভী রেস্টুরেন্ট ও মারলিনকে যথাক্রমে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকাসহ মোট **৭০,০০০/- (সত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর নিউমার্কেট এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে বিক্রমপুর হোটেল এন্ড রেস্টুরেন্ট ও মামা হোটেলকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা করে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর ডোমার উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনা সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের বানারিপাড়া উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৫৪,০০০/- (চুয়ান্ন হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মি সেল রেস্টুরেন্ট, গ্রীণ গার্ডেন থাই চাইনিজ এন্ড ফাস্ট ফুড, দি নিউ গুলশান প্লাজা, তার্কিশ বাজার, ডি ক্যাফে, ম্যাক এন ক্যাফে ফাস্ট ফুড ও চিসার্স চাইনিজ রেস্টুরেন্টকে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **১,০০০/- (এক হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, ও **২,০০০/- (দুই হাজার)** টাকা এবং সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রমনা সরমা হাউজকে **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **২১,০০০/- (একুশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৮ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হাজী রেস্তোরা এন্ড মিনি চাইনিজ, কিংস বারফিকিউ, Cafe Kahwa, Chilleng ও Chilis কে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **১,০০০/- (এক হাজার)** টাকা, **৪,০০০/- (চার হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৫ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,৭৫০/- (চার হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কাচ্চি ঘরকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও

আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **৬টি** বাজার তদারকির ও **১৪টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৩২টি** প্রতিষ্ঠানকে মোট **২,১৯,০০০/- (দুই লক্ষ উনিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৪ জন** অভিযোগকারীকে মং **১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। এছাড়া গত ৮ মার্চ ২০১৭ তারিখে চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের পাঁচলাইশ এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স লুসিয়াস চিকেনকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য অফিসার এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, নীলফামারী, মৌলভীবাজার, বরগুনা ও বরিশাল।
৭। পুলিশ সুপার, ঢাকা, নীলফামারী, মৌলভীবাজার, বরগুনা ও বরিশাল।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।